গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ

এবং

সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

সূচিপত্র

উপক্রমণিকা

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১ঃ যৌথ নদী কমিশনের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২ঃ যৌথ নদী কমিশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ঃ কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ঃ শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

সংযোজনী ৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদাসমূহ

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ

এবং

সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Joint Rivers Commission, Bangladesh)

সাম্প্রতিক অর্জনঃ

বাংলাদেশ ও ভারতের মধ্যে আন্তঃসীমান্ত ৫৪ টি নদ-নদীর পানি বণ্টন ও ব্যবস্থাপনার মাধ্যমে পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার করে জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতার বিষয়ে সরকার যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমান সরকার তিস্তাকে অগ্রাধিকার প্রদানপূর্বক অন্যান্য আন্তঃসীমান্ত নদীর পানি বণ্টন চুক্তি বাস্তবায়নে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করেছে। ফলশ্রুতিতে, ইতোমধ্যেই তিস্তা ও ফেণী নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তির ফ্রেমওয়ার্ক চূড়ান্ত করা হয়েছে। বর্তমানে দু'দেশের মধ্যে তিস্তা ও ফেণী নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি স্বাক্ষরের প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, অন্যান্য অভিন্ন নদীর পানি বণ্টন চুক্তি সংক্রান্ত আলোচনা অব্যাহত আছে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯৬ সালের ডিসেম্বরে স্বাক্ষরিত গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তি অনুযায়ী ১৯৯৭ সাল হতে প্রতি বছর শুকনো মৌসুমে (০১ জানুয়ারি হতে ৩১ মে পর্যন্ত) ফারাক্কায় গঙ্গা নদীর পানি বন্টন করা হচ্ছে।

বাংলাদেশ পারস্পরিক সমঝোতার আলোকে ভারত, নেপাল ও চীন হতে প্রাপ্ত বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে ১২০ ঘন্টার বন্যা পূর্বাবাস প্রদান করতে সক্ষম হচ্ছে। এছাড়া ভারতের সাথে সফল আলোচনার ফলশ্রুতিতে আন্তঃসীমান্ত নদীর সীমান্তবর্তী এলাকায় দীর্ঘদিন বন্ধ থাকা নদীতীর সংরক্ষণমূলক কাজ ২০০৯-২০১০ অর্থবছর থেকে পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। এর ফলে মূল্যবান ভূ-খন্ড, বিওপি ও গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা করা সম্ভব হচ্ছে।

বিভিন্ন পর্যায়ের সফল আলোচনায় ভারতের পরিকল্পিত টিপাইমুখ জলবিদ্যুৎ প্রকল্প বিষয়ে একটি যৌথ সমীক্ষা চলমান রয়েছে। এছাড়া ভারতের পরিকল্পিত আন্তঃনদী সংযোগ প্রকল্পের বিষয়ে বিভিন্ন পর্যায়ের আলোচনায় ভারত এ মর্মে আশ্বস্ত করে যে, বাংলাদেশের ক্ষতি হয় এমন কোনো পদক্ষেপ তাঁরা গ্রহণ করবে না।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

উজানের দেশসমূহে আন্তঃসীমান্ত নদীর উপর অবকাঠামো নির্মাণের ফলে শুকনো মৌসুমে বাংলাদেশে পানি প্রবাহ হ্রাস পাচ্ছে। এর ফলে সেচ, মৎস্য, নৌ-চলাচল ও পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়ছে। এ সকল সমস্যা উত্তরণে আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভিত্তিক দেশসমূহের সহযোগিতা প্রাপ্তি একটি অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সমতা, ন্যায়ানুগতা এবং পারস্পরিক ক্ষতি না করার নীতির ভিত্তিতে ২০২৬ সালে সমাপ্য গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির মেয়াদ নবায়নের প্রচেষ্টা গ্রহণ করা হবে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে ২০১১ সালে স্বাক্ষরিত উন্নয়ন সংক্রান্ত সহযোগিতামূলক কাঠামো চুক্তি (Framework Agreement on Cooperation for Development) এর আলোকে উপ-আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে আন্তঃসীমান্ত নদীর পানি সম্পদ ব্যবস্থাপনাপূর্বক বহুমাত্রিক সুফল যথাঃ প্রবাহ বৃদ্ধিপূর্বক সেচ সম্প্রসারণ ও খাদ্য উৎপাদন বৃদ্ধি, জলবিদ্যুৎ উৎপাদন, নৌ-চলাচল সম্প্রসারণ, মৎস্য উৎপাদন বৃদ্ধি, জলবায়ু প্রভাব মোকাবেলা ইত্যাদি অর্জনের প্রচেষ্ঠা অব্যাহত রাখা হবে। এতদ্ব্যতীত, গঙ্গা ও ব্রহ্মপুত্র নদীর অববাহিকাভিত্তিক সমন্বিত উন্নয়নের লক্ষ্যে অববাহিকাভিত্তিক সংগঠন যথা- River Basin Organization/River Basin Commission গঠনের প্রচেষ্টা অব্যাহত রাখা হবে।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের মন্ত্রী, সচিব ও কারিগরি পর্যায়ের বৈঠক অনুষ্ঠান;
- ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তি বাস্তবায়ন;
- আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভূক্ত দেশসমূহের সাথে পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন বিষয়ক দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।

সেকশন ১

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি (Functions)

১.১ রূপকল্প (Vision)

টেকসই পানি নিরাপত্তার লক্ষ্যে আন্তঃসীমান্ত নদীর পানি সম্পদের ন্যায়সঙ্গত বন্টন ও যৌথ ব্যবস্থাপনা।

১.২ অভিলক্ষ্য (Mission)

আন্তঃসীমান্ত নদী অববাহিকাভূক্ত দেশ এর সাথে পানি বন্টন চুক্তি স্বাক্ষর এবং পানি সম্পদের যৌথ ব্যবস্থাপনা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্কের মাধ্যমে আন্তঃসীমান্ত নদী অববাহিকা ব্যবস্থাপনা।

১.৪ প্রধান কার্যাবলি (Functions)

১. আন্তঃসীমান্ত নদীর পানি বন্টন, যৌথ ব্যবস্থাপনা, বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত বিনিময়, ভারতীয় এলাকায় প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং সীমান্তবর্তী এলাকার বাঁধ ও নদীতীর সংরক্ষণমূলক কাজসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার লক্ষ্যে ভারতের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

২. ১৯৯৬ সালের গঙ্গা নদীর পানি বন্টন চুক্তির আওতায় প্রতি বছর ১লা জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত সময়কালে ভারতের ফারাক্কায় গঙ্গা নদীর যৌথ প্রবাহ পর্যবেক্ষণ ও পানি বন্টন এবং বাংলাদেশের হার্ডিঞ্জ সেতুর নিকট যৌথ প্রবাহ পর্যবেক্ষণ সংশ্লিষ্ট সকল কার্যক্রম তত্ত্বাবধান।

৩. আন্তঃসীমান্ত নদী অববাহিকায় যৌথভাবে বন্যার ক্ষয়ক্ষতি প্রশমন, পানি সম্পদের আহরণ ও উন্নয়ন, নেপালে প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং গবেষণা ও কারিগরী সংক্রান্ত বিষয়ে নেপালের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৪. পানি সম্পদ ক্ষেত্রে সহযোগিতা, আন্তঃসীমান্ত নদী অববাহিকায় চীন কর্তৃক প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম, ব্রহ্মপুত্র অববাহিকায় বন্যা পূর্বাভাসের তথ্য-উপাত্ত বিনিময় ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ে আলোচনার জন্য চীনের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

সেকশন ২
যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৬-২০১৭	২০১৭-২০১৮*		২০১৯-২০২০	২০২০-২০২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
পানি নিরাপত্তা অর্জন	যৌথ নদী কমিশন এবং এর অধীনস্থ বিভিন্ন কমিটির দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	সংখ্যা	৫	৩	৪	৫	৫	পররাষ্ট্র মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন।
	গঙ্গা চুক্তি অনুযায়ী ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম।	সংখ্যা	১	১	১	১	১	পররাষ্ট্র মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন।

* সাময়িক

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮*	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কৌশলগত উদ্দেশ্যসমূহ														
দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্কের মাধ্যমে আন্তঃসীমান্ত নদী অববাহিকা ব্যবস্থাপনা।	৭৫	আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভুক্ত দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	যৌথ নদী কমিশন এবং এর অধীনস্ত বিভিন্ন কমিটির দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	সংখ্যা	৫৫	৫	৩	৪	৩	২	-	-	৫	৫
		গঙ্গা পানিবন্টন চুক্তি বাস্তবায়ন	গঙ্গা চুক্তি অনুযায়ী ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম।	সংখ্যা	২০	১	১	১	-	-	-	-	১	১

* সাময়িক

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮*	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-২০১৯ (মোট নম্বর - ২৫)														
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ	৩	মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েব সাইটে আপলোড	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	০.৫০			২০, জুন ২০১৮	২১, জুন ২০১৮	২৪, জুন ২০১৮	-	-		
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	০.৫০			১৭ জানুয়ারি ২০১৯	২০ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯	২২ জানুয়ারি ২০১৯	২৩ জানুয়ারি ২০১৯		
		মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে দাখিল	ফলাবর্তক (feedback) প্রদত্ত	তারিখ	১			২৪ জানুয়ারি ২০১৯	৩১ জানুয়ারি ২০১৯	০৪ ফেব্রুয়ারি ২০১৯	০৮ ফেব্রুয়ারি ২০১৯	১১ ফেব্রুয়ারি ২০১৯		
		সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	আয়োজিত প্রশিক্ষণের সময়	জনঘন্টা *	১			৬০	-	-	-	-		

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮*	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	১০	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১			৮০	৭০	৬০	৫৫	৫০		
			ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত **	%	১			৫০	৪৫	৪০	৩৫	৩০		
			ই-ফাইলে পত্র জারীকৃত ***	%	১			৪০	৩৫	৩০	২৫	২০		
		দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা	ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত	তারিখ	১			১০ জানুয়ারি, ২০১৯	২৪ জানুয়ারি, ২০১৯	২৮ জানুয়ারি, ২০১৯	৩১ মার্চ, ২০১৯	৩০ এপ্রিল, ২০১৯		
		দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েব সাইটে প্রকাশিত	তারিখ	১			০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১১ ফেব্রুয়ারি, ২০১৯	১৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৫ ফেব্রুয়ারি, ২০১৯	০৪ মার্চ, ২০১৯		
			ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত	তারিখ	১			০৮ এপ্রিল, ২০১৯	২২ এপ্রিল, ২০১৯	০২ মে, ২০১৯	১৬ মে, ২০১৯	৩০ মে, ২০১৯		
		সিটিজেনস চার্টার বাস্তবায়ন	হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১			৮০	৭৫	৭০	৬০	৫০		
			সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	০.৫০			৩১ ডিসেম্বর, ২০১৮	১৫ জানুয়ারি, ২০১৯	০৭ ফেব্রুয়ারি, ২০১৯	১৭ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ ফেব্রুয়ারি, ২০১৯		
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত	%	০.৫০			৭৫	৭০	৬৫	৬০	৫০		
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা	পিআরএল আদেশ জারিকৃত	%	১			১০০	৯০	৮০	-	-		
			ছুটি নগদায়নপত্র জারিকৃত	%	১			১০০	৯০	৮০	-	-		

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮*	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৯	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত	%	১			৬০	৫৫	৫০	৪৫	৪০		
			অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১			৫০	৪৫	৪০	৩৫	৩০		
		স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১			০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১১ ফেব্রুয়ারি, ২০১৯	১৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৫ ফেব্রুয়ারি, ২০১৯	০৪ মার্চ, ২০১৯		
			অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১			০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১১ ফেব্রুয়ারি, ২০১৯	১৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৫ ফেব্রুয়ারি, ২০১৯	০৪ মার্চ, ২০১৯		
		বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত	%	২			১০০	৯৫	৯০	৮৫	৮০		
		অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ	নিষ্পত্তিকৃত	তারিখ	১			৮০	৭৫	৭০	৬০	৫০		
		বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা	বিদ্যুৎ বিল পরিশোধিত	%	১			১০০	৯৫	৯০	৮৫	৮০		
		শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান	নিয়োগ প্রদানকৃত	সংখ্যা	১			৮০	৭০	৬০	৫০	৪০		
জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ	৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন ****	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১			৪	৩	-	-	-		
			জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত	%	০.৫			১০০	৯৫	৯০	৮৫	৮০		
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ	সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত	%	০.৫			১০০	৯০	৮০	-	-		
			তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	০.৫			১০০	৯০	৮০	-	-		
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েব সাইটে প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫			১৮ অক্টোবর, ২০১৮	৩১ অক্টোবর, ২০১৮	১৫ নভেম্বর, ২০১৮	২৯ নভেম্বর, ২০১৮	০৬ ডিসেম্বর, ২০১৮		

আমি, সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পানি সম্পদ মন্ত্রীর প্রতিনিধি পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পানি সম্পদ মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে যৌথ নদী কমিশন, বাংলাদেশকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

সদস্য যৌথ নদী কমিশন, বাংলাদেশ ঢাকা। মোঃ মোফাজ্জল হোসেন সদস্য (চলতি দায়িত্ব) যৌথ নদী কমিশন, বাংলাদেশ পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।	28/03/2018 তারিখ
সচিব পানি সম্পদ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঢাকা। কবির বিন আনোয়ার ভারপ্রাপ্ত সচিব পানি সম্পদ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	28/3/18 তারিখ

সংযোজনী ১

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নং	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
-	-	-

সংযোজনী ২

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১।	আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভুক্ত দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	যৌথ নদী কমিশন এবং এর অধীনস্থ বিভিন্ন কমিটির দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	ভারতের সাথে যৌথ নদী কমিশন সংশ্লিষ্ট মন্ত্রী, সচিব ও কারিগরি পর্যায়ের বৈঠক এবং ভারত, চীন ও নেপালের সাথে দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	যৌথ নদী কমিশন, বাংলাদেশ	সংখ্যা পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
২।	গঙ্গা পানি বণ্টন চুক্তি বাস্তবায়ন	গঙ্গা চুক্তি অনুযায়ী ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম।	ফারাক্কায় পানি প্রবাহ পরিমাপ ও বণ্টন এবং হার্ডিঞ্জ সেতুর নিকট পানি প্রবাহ পরিমাপ।	যৌথ নদী কমিশন, বাংলাদেশ	সংখ্যা পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী ৩

অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
পররাষ্ট্র মন্ত্রণালয়	আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভুক্ত দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	যৌথ নদী কমিশন এবং এর অধীনস্থ বিভিন্ন কমিটির দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান।	বৈঠক অনুষ্ঠানের বিষয়ে কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ।	বৈঠক অনুষ্ঠানে সহায়ক ভূমিকা পালন করবে।	সভা অনুষ্ঠান ব্যাহত হতে পারে।
পররাষ্ট্র মন্ত্রণালয়	গঙ্গা পানি বণ্টন চুক্তি বাস্তবায়ন	গঙ্গা চুক্তি অনুযায়ী ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম।	চুক্তি বাস্তবায়নে কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ।	চুক্তি বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।	চুক্তি বাস্তবায়ন ব্যাহত হতে পারে।